

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 20-12-2025

Time: 1.30 P.M.

বিশেষ বিশেষ খবর –

১) ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় পশ্চিমবঙ্গের নদীয়ার তাহেরপুরে সভাস্থলে যোগ দিতে না পারায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতার দমদম বিমানবন্দরে ফিরে আসেন।

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস, ৩ হাজার ২-শো কোটি টাকার জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেছেন।

ভার্চুয়ালী পরিবর্তন সংকল্প সভায় বক্তব্য রাখছেন প্রধানমন্ত্রী।

২) পশ্চিমবঙ্গ সফর শেষে আজই তিনি দুদিনের আসাম সফর শুরু করবেন।

৩) আসামের হোজাই জেলায় ট্রেনের ধাক্কায় ৭-টি হাতির মৃত্যু হয়েছে।

৪) ঘন কুয়াশা ও দৃশ্যমানতা কম থাকায় সরকার বিমান সংস্থাগুলিকে যাত্রী সুবিধার্থে বিভিন্ন ব্যবস্থা গ্রহণের নির্দেশিকা জারি করেছে।

৫) ন্যাশনাল হেরাল্ড বে-আইনী অস্ত্র পাচার মামলায় রাহুল গান্ধী সহ কংগ্রেস নেতৃত্বের বিরুদ্ধে ইডি-র দায়ের করা মামলা গ্রহণ না করার নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে দিল্লি হাইকোর্টে আবেদন জানিয়েছে তদন্তকারী সংস্থা।

০০০০০০০০০০০০০০০০০০

ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় নদীয়ার তাহেরপুরে সভাস্থলে পৌঁছতে পারলেন না প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিন হাজার ২০০ কোটি টাকার দুটি জাতীয় সড়ক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর শ্রী মোদীর পরিবর্তন সংকল্প সভায় ভাষণ দেওয়ার কথা ছিল। আজ সকালে কলকাতা থেকে তাহেরপুর পর্যন্ত প্রধানমন্ত্রীর হেলিকপ্টার পৌঁছলেও তা নামতে পারে নি। ফের তিনি দমদম বিমানবন্দরে ফিরে এসেছেন বলে জানা যাচ্ছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি সভামঞ্চে প্রধানমন্ত্রীর কলকাতায় ফিরে আসার কথা জানান।

এদিকে, সভামঞ্চে উপস্থিত রাজ্যপাল সি ভি আনন্দ বোস, উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন। এই সড়কপথ নির্মাণের ফলে কলকাতা ও শিলিগুড়ির মধ্যে যাতায়াতের সময় আরো দু ঘণ্টা কমে যাবে।

অন্যদিকে, কলকাতা বিমানবন্দর থেকেই ভারুয়ালি সভায় বক্তব্য রাখতে পারেন প্রধানমন্ত্রী। আজকের অনুষ্ঠানে উপস্থিত আছেন, কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার, শান্তনু ঠাকুর, রাজ্যসভার সাংসদ, দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ অন্যরা।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ সফর শেষে প্রধানমন্ত্রী আজই দুদিনের আসাম সফরে যাবেন। সফরকালে শ্রী মোদী, ওই রাজ্যে ১৫ হাজার ৬০০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

প্রথম দিনে প্রধানমন্ত্রী আজ লোকপ্রিয় গোপীনাথ বরদলোই আন্তর্জাতিক বিমানবন্দরে অত্যাধুনিক Bamboo Orchids টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন। প্রায় দেড় লক্ষ বর্গ মিটার এলাকায় গড়ে ওঠা এই নতুন টার্মিনাল ভবনে দৈনিক ১ কোটি

৩০ লক্ষ যাত্রী চলাচল করতে পারবেন। রাজ্যের জৈব বৈচিত্র ও সাংস্কৃতিক ঐতিহ্যের প্রতিফলন ঘটেছে এই Bamboo Orchids টার্মিনালে।

শ্রী মোদী , বিমানবন্দরে প্রাক্তন মুখ্যমন্ত্রী গোপিনাথ বরদলই এর ৮০ ফুট দীর্ঘ প্রতিমূর্তির ও আবরন উন্মোচন করবেন। এরপর রোড শো করে বিজেপির সদর দপ্তরে পৌঁছে সেখানে দলীয় কর্মীদের সঙ্গে মত বিনিময় করবেন তিনি।

সফরের শেষ দিনে আগামীকাল প্রধানমন্ত্রী ব্রহ্মপুত্র নদে ত্রুজে ভ্রমণের সময় স্কুলের ছাত্র ছাত্রীদের সঙ্গে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে মত বিনিময় করবেন। তারপর শ্রী মোদী গুয়াহাটীর নব নির্মিত শহীদ স্মারক ক্ষেত্রে ঐতিহাসিক আসাম আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন। আসাম আন্দোলনের ৮৬০ জন শহীদের স্মৃতিতে এই স্মারক ক্ষেত্র গড়ে তোলা হয়েছে।

শ্রী মোদী এরপর নামরূপে ১২ হাজার কোটি টাকার অ্যামোনিয়া ইউরিয়া সার প্রকল্পের ভূমি পুজোতেও অংশ নেবেন। দিল্লি রওনা হওয়ার আগে তিনি নামরূপে এক জনসভাতেও ভাষণ দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

অসমের হোজাই জেলায় রাজধানী এক্সপ্ৰেসের ধাক্কায় ৭ টি হাতির মৃত্যু হয়েছে। আজ ভোররাতে দুর্ঘটনাটি ঘটে গুয়াহাটি থেকে প্রায় ১২৬ কিলোমিটার দূরে চাংজুরই গ্রামের কাছে।

রেল আধিকারিকরা জানিয়েছেন,মূলত ঘন কুয়াশার কারণেই এই দুর্ঘটনাটি ঘটেছে। এই ঘটনায় ট্রেনের পাঁচটি কোচ এবং ইঞ্জিনও লাইনচ্যুত হয়েছে। তবে কোনো যাত্রী আহত হননি।

০০০০০০০০০০০০০০০০০০০০

ঘন কুয়াশা ও দৃশ্যমানতা কম থাকায় বিমান চলাচল ব্যাহত হওয়ার প্রেক্ষিতে সরকার এয়ারলাইন সংস্থাগুলিকে যাত্রীদের সুবিধার কথা বিবেচনা করে বিভিন্ন ব্যবস্থা

গ্রহণের জন্য নির্দেশিকা জারি করেছে। অসামরিক বিমান পরিবহন মন্ত্রকের পক্ষ থেকে গতকাল এক নির্দেশিকায় বলা হয়েছে, বিমান চলাচল সংক্রান্ত সঠিক সময়সীমা ও সর্বশেষ গতিবিধি সম্পর্কে যাত্রীদের আগে থেকেই অবহিত করতে হবে। উড়ানের অতিরিক্ত দেরি হলে যাত্রীদের জন্য খাবারদাবার ও পানীয়ের বন্দোবস্ত করতে হবে। সময় মত চেক ইন করলে বোর্ডিং যাতে কোনোমতেই বাতিল করা না হয়, সেই বিষয়টিও সুনিশ্চিত করতে বলা হয়েছে। এয়ারলাইন সংস্থাগুলিকে পর্যাপ্ত কর্মী নিযুক্ত করা বিশেষত ভোর বা রাতের দিকে এয়ারপোর্ট হেল্প ডেস্ক যেন ফাঁকা না থাকে, তাও দেখতে হবে। কানেক্টিং ফ্লাইটের ক্ষেত্রে মালপত্র যাতে সঠিক সময়ে সঠিক জায়গায় পৌঁছে দেওয়া হয়, তাও নিশ্চিত করতে বলা হয়েছে ঐ নির্দেশিকায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকার ২০২৬-২৭ সালের ফেব্রুয়ারি মাসের বাজেট পেশের আগে দেশবাসীর কাছে মতামত ও পরামর্শ আহ্বান করেছে। বৃদ্ধি এবং জাতীয় উন্নয়নের প্রশ্নে সাধারণ মানুষের চাহিদা ও আকাঙ্ক্ষা প্রতিফলিত হওয়ার লক্ষ্যেই এই পদক্ষেপ। সাধারণ মানুষ তাঁদের মতামত জানাতে পারবেন www.mygov.in পোর্টালে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সশস্ত্র সীমা বলের (এসএসবি) প্রতিষ্ঠা দিবস উপলক্ষে বাহিনীর সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমের একটি বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন, এসএসবি-র অবিচল নিষ্ঠা, সেবা ও ত্যাগের ঐতিহ্য দৃষ্টান্ত স্থাপন করেছে। তিনি আরও বলেন, বাহিনীর কর্তব্যবোধ দেশের নিরাপত্তার একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে কাজ করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ সশস্ত্র সীমা বল- SSB-র প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ওই বাহিনীর সদস্য এবং তাঁদের পরিবারবর্গকে শুভেচ্ছা

জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক বার্তায় শ্রী শাহ বলেন, দেশের সীমান্ত রক্ষা করার পাশাপাশি, বিভিন্ন সংকটের সময়ে নাগরিকদের পাশে দাঁড়ানো সশস্ত্র সীমা বল, দেশকে সর্বদা গর্বিত করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জগত প্রকাশ নাড্ডা আজ নতুন দিল্লিতে সদ্য উদ্বোধন হওয়া বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়ার আঞ্চলিক দপ্তর(হু-সিয়ারো) পরিদর্শন করেন। শ্রী নাড্ডা দক্ষিণ পূর্ব এশিয়া অঞ্চলের রাষ্ট্রগুলির মন্ত্রী ও উচ্চ পদস্থ আধিকারিকদের সঙ্গে আলোচনা করেন। তিনি অনুষ্ঠানে বলেন, হু-সিয়ারো ভবন একটি কাঠামো নয়, এর মাধ্যমে এই অঞ্চলের মানুষদের আকাজ্খা সমাধানে বিশেষ ভূমিকা পালন করবে। বিশ্ব স্বাস্থ্য ক্ষেত্রে ভারতের উল্লেখযোগ্য ভূমিকার কথা তুলে ধরেন। শ্রী নাড্ডা, সমষ্টিগত উদ্যোগের মাধ্যমে সমস্যা সমাধানের উপর জোর দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশব্দ নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ন্যাশনাল হেরল্ড বেআইনি অর্থ পাচার মামলায়, কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী, নেতা রাহুল গান্ধী সহ অন্যান্য কংগ্রেস নেতৃত্বের বিরুদ্ধে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ই ডি)র দায়ের করা মামলা গ্রহণ না করার নিম্ন আদালতের রায় চ্যালেঞ্জ করে ইডি দিল্লি হাইকোর্টে আবেদন জানিয়েছে। আবেদনে নিম্ন আদালতের রায় পুনর্বিবেচনার আর্জি জানানো হয়েছে।

উল্লেখ্য গত মঙ্গলবার দিল্লির একটি নিম্ন আদালত, ন্যাশনাল হেরল্ড বেআইনি অর্থপাচারের, ইডি'র দায়ের করা সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী এবং অন্যান্য পাঁচ ব্যক্তির বিরুদ্ধে দায়ের করা মামলা গ্রহণে অস্বীকার করে। তবে জাতীয় তদন্তকারী সংস্থাকে তদন্ত চালিয়ে যাওয়ার নির্দেশ দেয়। ইডি তাদের চার্জশিটে সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী, সুমন দুবে, শ্যাম পিত্রোদা, ইয়ং ইন্ডিয়ান, ডটেক্স মার্চেন্ডাইজ এবং সুনীল ভান্ডারিকে এই মামলায় প্রধান অভিযুক্ত হিসেবে নাম উল্লেখ করে। অ্যাসোসিয়েট জার্নালস লিমিটেডের ২ হাজার কোটি টাকার সম্পত্তি অন্যায়্য ভাবে গ্রহণ করা হয়েছে বলে অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০

'লাদাখি' নববর্ষ উপলক্ষে আজ লাদাখে লোসার উৎসব পালিত হচ্ছে। লেফটেন্যান্ট গভর্নর রবীন্দ্র গুপ্ত লাদাখের জনগণকে 'লোসার' উৎসবের শুভেচ্ছা জানিয়েছেন, সারা লাদাখ জুড়ে ভক্তি এবং আনন্দের সঙ্গে এই ঐতিহ্যবাহী নববর্ষ উৎসব উদযাপিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের আবহাওয়া বিভাগ (আইএমডি) আজ বিহার, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ এবং উত্তরাখণ্ডে ঘন থেকে অতি ঘন কুয়াশার পূর্বাভাস দিয়েছে। IMD জানিয়েছে, অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, ছত্তিশগড়, হিমাচল প্রদেশ, ঝাড়খণ্ড, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, ওড়িশা, পাঞ্জাব, পশ্চিমবঙ্গ এবং সিকিমেও ঘন কুয়াশা থাকবে। এছাড়া কর্ণাটক এবং তেলেঙ্গানায় শৈত্যপ্রবাহেরও পূর্বাভাস দিয়েছে IMD।

০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মানব ঐক্য দিবস উদযাপিত হতে চলেছে। বিশ্বব্যাপী দারিদ্র দূরীকরণ, সামাজিক ন্যায় বিচার ও সমতা প্রতিষ্ঠার কাজে চ্যালেঞ্জ মোকাবেলায় মানুষের মধ্যে ঐক্য, সমন্বয়, সহযোগিতা ও সংহতি দৃঢ় করার লক্ষ্যে দিনটি উদযাপিত হয়ে থাকে।

রাষ্ট্রসংঘ, দারিদ্র দূরীকরণের লক্ষ্যে বিশ্বব্যাপী মানুষের মধ্যে সচেতনতা প্রসারে ২০-শে ডিসেম্বর দিনটিকে মানব ঐক্য দিবস হিসেবে উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

ব্যাডমিন্টনে, পুরুষদের ভারতীয় ডাবলস জুটি সাত্ত্বিকসাইরাজ রক্ষিরেডিড এবং চিরাগ শেটি আজ চীনের হাংঝুতে BWF ওয়ার্ল্ড ট্যুর ফাইনালসের সেমিফাইনালে চীনের লিয়াং ওয়েই কেং এবং ওয়াং চ্যাংয়ের মুখোমুখি হবে। সাত্ত্বিক এবং চিরাগ গতকাল প্রথম ভারতীয় পুরুষদের ডাবলস জুটি হিসেবে গ্রুপ B-তে শীর্ষে থেকে টুর্নামেন্টের সেমিফাইনালে পৌঁছন। ভারতীয় জুটি তাদের শেষ গ্রুপ ম্যাচে বিশ্বের দ্বিতীয় নম্বর মালয়েশিয়ার অ্যারন চিয়া এবং সোহ উই ইক জুটিকে ১৭-২১, ২১-১৮, ২১-১৫ গেমের হারিয়ে শেষ চার নিশ্চিত করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০